

PRINT

সমকাল

আন্তঃবিশ্ববিদ্যালয় ব্যাডমিন্টনে চ্যাম্পিয়ন ড্যাফোডিল

১৪ এপ্রিল ২০১৯



বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পস-২০১৯-এর ব্যাডমিন্টন ইভেন্টে পুরুষ একক ও দ্বৈত উভয় ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়েছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। মিক্সড ক্যাটাগরিতেও রানারআপ হয়েছে বিশ্ববিদ্যালয়টি। শুক্রবার রাজধানীর ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত খেলায় পুরুষ এককে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে হারিয়ে চ্যাম্পিয়ন হন ড্যাফোডিল ইউনিভার্সিটির পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী আল আমিন জুমার।

পুরুষ দ্বৈতে সিলেট মেট্রোপলিটন ইউনিভার্সিটিকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছেন ড্যাফোডিলের আল আমিন জুমার ও ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থী মুক্তার হোসেন। এ ছাড়া মিক্সড ক্যাটাগরিতে রানারআপ হয়েছেন ড্যাফোডিলের

আল আমিন জুমার ও ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থী অর্পা চাকমা।

বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পস-২০১৯-এর ব্যাডমিন্টন ইভেন্টে বাংলাদেশের কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে প্রথম তিন ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন ও রানারআপ হওয়ার গৌরব অর্জন করল ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে পদক বিতরণ অনুষ্ঠানে জাতীয় সংসদের চিফ হুইপ নূর-এ-আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের হাতে পদক তুলে দেন। এ সময় বিশেষ অতিথি ছিলেন বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস-২০১৯-এর আহ্বায়ক নাহিম রাজ্জাক এমপি, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী, মধুমতি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক শফিউল আজম, বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশনের সাধারণ সম্পাদক আমির হোসেন বাহার এবং পোলার আইসক্রিমের রিজিওনাল সেলস ম্যানেজার মোহাম্মদ নওরোজ্জোহা। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. এম এম শহীদুল হাসান। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:
ad.samakalonline@outlook.com